

মাতৃভাষা

নির্ব্বার পাল

আমার ভাষা মাতৃভাষা সৃষ্টি সুখের ফাণ্ডন
আমার ভাষা মাতৃভাষা প্রতিবাদের আণ্ডন
মাতৃভাষায় শিশুর মুখে প্রথম ফোটে ভাষা,
মাতৃভাষা প্রানে জাগায় উদার ভালোবাসা।
মাতৃভাষায় নদীর বুকে মাঝি যে গায় গান,
মাতৃভাষা তোমার - আমার হৃদয়ের গভীর টান।
মাতৃভাষায় দুঃখ সুখের একতারাটি বাজে,
মাতৃভাষা আকাশ জুড়ে নক্ষত্রেরা রাজে।
মাতৃভাষা মায়ের কোলে ঘুমপাড়ানি গান
মাতৃভাষা মানব শিশুর মাতৃদুঃখ সমান
মাতৃভাষা শরৎকালের শুভ্র নীল আকাশ
মাতৃভাষাই মধুস্বতুর মধুময় বাতাস।
মাতৃভাষার মধুময়তায় পূর্ণহোক প্রান,
মাতৃভাষার সুরে গাই তার হাজার জয় গান।